# ৯ম কার্যনির্বাহী সভায় আলোচনা সমূহ ও সিদ্ধান্ত

**তারিখঃ ১৬-০৫-২০২৫, রোজ শুক্রবার**
**সময়: বিকাল ৪:৩০ মিনিট**
**স্থান: স্কুল প্রাঙ্গণ**
**৯ম বোর্ড সভা**
**সভাপতিত্ব করেনঃ** কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
**উপবিষ্ট ছিলেনঃ**

- মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু
- সিনিয়র সহ-সভাপতি জনাব মোঃ মাসুদ রেজা
- কোষাধ্যক্ষ জনাব মুফতি মোঃ ইসহাক

সভা শুরু হয় সভাপতি জনাব রহমতুল্লাহ,র সালাম ও শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে। এরপর পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন কোষাধ্যক্ষ জনাব মুফতি মোঃ ইসহাক।

**আজকের বোর্ড সভার আলোচ্যসূচিঃ**

১. অ্যালামনাই এসোসিয়েশনকে আরও গতিশীল করার লক্ষ্যে প্রতিমাসে অন্তত ১টি কার্যক্রম বাস্তবায়নের রোডম্যাপ তৈরির আলোচনা।
২. বার্ষিক চাঁদা আদায় এবং নতুন সদস্য সংগ্রহ।
৩. অস্থায়ী অফিসের সংস্কার (Renovation) ও নিয়মিত ব্যবহার নিশ্চিত করণ।
৪. বিবিধ।

**সভায় উপস্থিত ছিলেনঃ**

১. কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
২. আসলাম পারভেজ মিঠু
৩. জুলহাস সোরয়ার কমল
৪. মোঃ জহিরুর ইসলাম বাবু
৫. মাহবুব রাশেদ রুবেল
৬. মোঃ এমদাদ উল হক
৭. মোঃ মাসুদ রেজা
৮. মুফতি মোঃ ইসহাক
৯. মোঃ নুরুজ্জামান
১০. মিজানুর রহমান আপেল খান
১১. মোঃ মনির হোসেন
১২. সৈয়দ মাহমুদ
১৩. মোঃ সাইদুল হক
১৪. মোঃ এহতেসান হাকিম
১৫. মোঃ মুহিত হোসেন

অসুস্থতার ও পারিবারিক সমস্যা কারণে যারা উপস্থিত থাকতে পারে নাই এবং আমাদেরকে অবগত করেছেন এবং সভায় যে সকল সিদ্ধান্ত গ্রহন করা হবে তার সাথে সহমত পোষণ করবেন।

১৬. মোহাম্মদ মুসা
১৭. মোঃ জাফর
১৮. তারিক সিরাজ
১৯. তানভির মোরশেদ চৌধুরী
২০. জারফ ইকবাল সিদ্দিকী
২১. মোঃ শাহাদাত হোসেন
২২. এ. টি. এম. কামাল হোসেন
২৩. সোহেল সিকদার জুম্মান
২৪. মোঃ ইসহাক
২৫. মোঃ আবুল কালাম আজাদ

## বক্তব্য ও আলোচনাঃ

**১. মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু**

সভায় আলোচ্যসূচি তুলে ধরে সদস্যদের মতামত আহ্বান করেন এবং সদস্যদের অনুপস্থিতির জন্য দুঃখ প্রকাশ করেন।

**২. জনাব মাহবুব রাশেদ রুবেল**

তিনি বলেন, প্রিভিলেজ কার্ড প্রদান এবং নতুন জীবন সদস্য অন্তর্ভুক্ত করে অনুষ্ঠান আয়োজন করলে সংগঠন আরও গতিশীল হবে। অনুপস্থিত সদস্যদের বিরুদ্ধে সাংগঠনিক পদক্ষেপ নেওয়ার দাবি জানান। যারা অভিযোগ করেন "জোর করে কমিটিতে রাখা হয়েছে", তাদের ব্যাপারেও ব্যবস্থা নেওয়ার জোর দাবি করেন।

**৩. সাংগঠনিক সচিব, জনাব শাহরিয়ার**

তিনি বলেন, যে কোনো কর্মসূচি বাস্তবায়নের পূর্বে অর্থের সংস্থান অপরিহার্য এবং সংগঠনের প্রতি আস্থা ও বন্ধন (bonding) বাড়াতে হবে। সভায় যারা আসেন না, তাদের বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন।

**৪. সমাজ কল্যাণ সচিব, জনাব জহিরুল ইসলাম বাবু**

তিনি দীর্ঘদিন অনুপস্থিত সদস্যদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেন।

**৫. প্রচার ও জনসংযোগ সচিব ,জনাব মিজানুর রহমান আপেল**

তিনি বলেন, সভায় উপস্থিতির জন্য তিনি ও সহ প্রচার সচিব মোঃ ইমরানুল হক টেলিফোনে ব্যক্তিগতভাবে অনুরোধ করেছেন। সংগঠনের কাজে নিষ্ক্রিয় সদস্যদের পরিবর্তে নিবেদিত সদস্য বাছাই করার অনুরোধ করেন।

**৬. কোষাধ্যক্ষ, জনাব মোঃ মনির হোসেন**

তিনি বলেন, ৪১ সদস্য বিশিষ্ট কমিটি ছোট করা হোক। চাঁদা পরিশোধে সবার সচেতনতা প্রয়োজন। যারা বাজে কথা

বলেন, তাদের নোটিশ দিয়ে কারণ জিজ্ঞাসা করা হোক। জোর করে কমিটিতে রাখা হয়েছে যারা বলে, তারা আদৌ দায়িত্ব পালন করতে চান কিনা'তা জানতে চাওয়া উচিত।

**৭. সিনিয়র সহ-সভাপতি জনাব মোঃ মাসুদ রেজা**

তিনি বলেন, "এখানে আমরা যারা আছি, সবাই স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করছি – আনন্দের সাথে, প্রাণের স্কুল, আমাদের আত্মার প্রতিষ্ঠান, সেই টান থেকেই। আমাদের কেউই খারাপ উদ্দেশ্যে আসিনি। প্রত্যেকেরই নিজস্ব জীবন, পরিবার, কর্মব্যস্ততা রয়েছে। তারপরও আমরা সময় বের করে এসেছি শুধুমাত্র ভালোবাসা ও দায়িত্ববোধ থেকে।

আমাদের সবারই একটি ন্যূনতম সম্মান আছে। কেউই এখানে বেকার নই, সবাই কিছু না কিছু করছি, কিন্তু সংগঠনের জন্য সময় বের করি – এটিই ভালোবাসার পরিচয়। দায়িত্ব অর্পিত হয়েছে, সেটি পালনের চেষ্টা করছি। যেদিন মনে করবো আমি আর সময় দিতে পারছি না, সেদিন নিজ থেকে দায়িত্ব ছেড়ে দেব, তবে একজন সাধারণ সদস্য হিসেবে সংগঠনের পাশে থাকবো।

আমি বলবো, যাদের কিছু অভিযোগ বা প্রশ্ন আছে, তারা যেন সভায় এসে সরাসরি প্রশ্ন করেন। এতে করে ভুল বোঝাবুঝির অবসান হবে, ভ্রাতৃত্ব বাড়বে, সঠিক তথ্য জানা যাবে। আমরা যদি সভায় না এসে বাইরে থেকে বাজে মন্তব্য করি, তাহলে নিজেরাই হেয় হচ্ছি।

সবার প্রতি অনুরোধ, দয়া করে অযথা মন্তব্য করে পরিবেশ খারাপ করবেন না। যারা দীর্ঘদিন ধরে সভায় অনুপস্থিত রয়েছেন, তাদের তালিকা প্রকাশ করা হোক এবং সংগঠনের নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হোক। সবাই মিলে আমাদের এই অ্যালামনাই পরিবারকে এগিয়ে নিতে হবে।"

**৮. কোষাধ্যক্ষ জনাব মুফতি মোঃ ইসহাক**

তিনি বলেন, অ্যালামনাই এসোসিয়েশনের অফিসের সংস্কার করে নিয়মিত ব্যবহার করার জন্য সকলকে অবগত করেন। কর্মসূচির আগে বাজেট পরিকল্পনা ও অর্থ সংস্থান নিশ্চিত করতে হবে। সদস্যদের চাঁদা পরিশোধের তাগিদ দেন। কমিটিতে থেকেও যারা অনুপস্থিত, তাদের চিঠি দেওয়া যেতে পারে।

**৯. নির্বাহী সদস্য জনাব মোঃ নুরুজ্জামান**

তিনি বলেন, তিনি ও তার পরিবার হজ পালনে যাচ্ছেন, এজন্য সকলের কাছে দোয়া ও ক্ষমা চান এবং সভা ত্যাগ করেন।

**১০. নির্বাহী সদস্য জনাব মোঃ সাইদুল হক**

তিনি বলেন, আমাদের সকলের পরিবার আছে, আমরা সবাই সম্মান নিয়ে চলি। তাই প্রমাণ ছাড়া বাজে কথা না বলা উচিত।

## সভাপতির সিদ্ধান্ত ও সমাপ্ত ঘোষনা

**কাজী মোহাম্মদ রহমতউল্লাহ**

- সকলের সম্মতিক্রমে অ্যালামনাই এসোসিয়েশনের পরবর্তী এক বছরের কার্যক্রমের রোডম্যাপ সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং পরবর্তীতে রোডম্যাপটি তৈরী করে গ্রুপে জানানো হবে।
- সকলের সম্মতিক্রমে অ্যালামনাই এসোসিয়েশনের সকল মিটিং এ উপস্থিতি ও অনুপস্থিত সদস্যদেরকে চিঠি পাঠানো সিদ্ধান্ত গৃহিত হয়।
- ঈদের পরে পূর্নমিলনী অনুষ্ঠানে বৃক্ষ চারা রোপণ ও ফল উৎসব অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়। পরবর্তীতে অনুষ্ঠানের তারিখ ও সময় সকলকে জানানো হবে।

- অ্যালামনাই এসোসিয়েশনের লাইফ মেম্বার সার্টিফিকেট বিতরণ ও প্রিভিলেজ কার্ড প্রদান উদ্বোধনী অনুষ্ঠান করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং তারিখ নির্ধারণের পূর্বে লাইফমেম্বার সার্টিফিকেট এর নমুনা সম্পূর্ন করে ও প্রিভিলেজ কার্ড এর ব্যপারে বিভিন্ন কোম্পানীর সাথে চুক্তি সম্পূর্ন করে অনুষ্ঠানের তারিখ ও সময় নির্ধারিত করে সকলকে জানানো হবে।
- সকলে সম্মতিক্রমে অ্যালামনাই এসোসিয়েশনের মেম্বারদের বার্ষিক চাদা ও অ্যালামনাই এসোসিয়েশনের নতুন সদস্য হওয়ার ব্যাপারে লাইফ মেম্বার সার্টিফিকেট বিতরণ ও প্রিভিলেজ কার্ড উদ্বোধনী অনুষ্ঠানে সকল মেম্বারকে অবহিত করা জন্য সিদ্বান্ত গৃহিত হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের অফিসের সংস্কার করে নিয়মিত ব্যবহার করার জন্য সকলকে সম্মতিক্রম সিদ্ধান্ত গৃহিত হয়।
- সকলে উপস্থিত থেকে মূল্যবান মতামত দিয়ে এবং উপরোক্ত সিদ্ধান্ত গুলো পাস করানো বিষয়ে সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল